দৈনিক জনকণ্ঠ
দৈনিক জনকণ্ঠ

তাং/ তারিখ 24 APR 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

১৪৩

২ মে এসএসসি পরীক্ষা ॥ শিক্ষক ধর্মঘট অব্যাহত

# ৭ লাখ পরীক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চিত অভিভাবক মহল উদ্বিগ্ন

জনকণ্ঠ রিপোর্ট

এসএসসি পরীক্ষা নিয়ে সৃষ্ট অনিশ্চয়তার ফলে সাত লাখেরও বেশি পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকরা এখন দারুণ উদ্বেগের মধ্যে দিন কাটাচ্ছেন। আর মাত্র এক সপ্তাহ পর ২মে থেকে একযোগে চারটি শিক্ষা বোর্ডের '৯৪ সালের এসএসসি পরীক্ষা শুরু হওয়ার কথা। দেশের বেসরকারী স্কুল ও কলেজের প্রায় পৌনে দুই লাখ শিক্ষকের ধর্মঘটের ফলে পরীক্ষা আদৌ হবে কি হবে না, হলে ও তা কতখানি সুষ্ঠুভাবে

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## ৭ লাখ পরীক্ষার্থীর

(প্রথম পাতার পর)

হবে তা নিয়ে এক অনিশ্চিত অবস্থা বিরাজ করছে। চার দফা দাবিতে শনিবার শিক্ষক ধর্মঘটের ষষ্ঠ দিন অতিবাহিত হয়।

যে সব বাড়িতে এসএসসি পরীক্ষার্থী রয়েছে সে সব বাড়িতে এখন বিরাজ করছে উদ্বেগ-উৎকণ্ঠা। বাংলাদেশে শিক্ষার্থীদের জীবনে প্রথম গুরুত্বপূর্ণ পরীক্ষা হচ্ছে এই এসএসসি পরীক্ষা। পরীক্ষার্থীদের প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। কিন্তু শিক্ষক ধর্মঘটের ফলে পরীক্ষা নিয়ে এক অনিশ্চিত অবস্থা তৈরি হয়েছে। সরকার ঘোষণা দিয়েছে, পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। অপরদিকে ধর্মঘট পালনকারী শিক্ষকরাও তাদের আন্দোলনের ব্যাপারে অনড় রয়েছেন। শনিবার কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির এক সভা নিউ মডেল হাইস্কুল কমিটির আহবায়ক মোহাম্মদ কামরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে আন্দোলনের পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হয়। এতে রয়েছে ২৮ এপ্রিল প্রতিটি থানা সদরে শিক্ষক-কর্মচারীদের বিক্ষোভ মিছিল ও থানা নির্বাহী কর্মকর্তার অফিস ঘেরাও, ৩০ এপ্রিল প্রতি জেলা সদরে বিক্ষোভ মিছিল ও ডিসি অফিস ঘেরাও। এছাড়া আজ রবিবার সারাদেশে শিক্ষক সমাবেশ ও বিক্ষোভ মিছিলের কর্মসূচী রয়েছে। ঢাকা মহানগরীতে সমাবেশ হবে সকাল দশটায় কেন্দ্রীয় শহীদ মিনারে।

এদিকে বিভিন্ন সংগঠন শিক্ষক ধর্মঘটের প্রতি সমর্থন জানিয়ে অবিলম্বে তাদের দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছে।